রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ১৭, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ, ৩১ শ্রাবণ ১৪১২ বঙ্গাব্দ/১৫ আগস্ট ২০০৫ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২৪১-আইন/২০০৫।—বিনিয়োগ বোর্ড আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৭ নং আইন) এর ধারা ২২ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা বিনিয়োগ বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ বোর্ড বা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিল-২ এ উল্লিখিত যোগ্যতা;

(চ) "বোর্ড" অর্থ বিনিয়োগ বোর্ড আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৭ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত বিনিয়োগ বোর্ড;

(ছ) "বাছাই কমিটি" অর্থ এতদুদ্দেশ্যে বোর্ড কর্তৃক গঠিত বাছাই কমিটি;

(জ) "যথাযথ কর্তৃপক্ষ" বলিতে কোন বিশেষ উদ্দেশ্য সাধনের জন্য সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা কর্তৃপক্ষকে বুঝাইবে।



মূল্য ঃ টাকা ৬.০০

(ঝ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ঞ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাততঃ বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ট) "সম-স্কেলের পদ" বলিতে তফসিল-১ এর কলাম ৪ এ বর্ণিত সাবেক শিল্প অধিদপ্তরের একই স্কেলের ৩য় ও ৪র্থ শ্রেণীর পদকে বুঝাইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিল-২ এ বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি উক্ত পদে নিয়োগ লাভের জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লেখিত বয়স সীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে , তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে

অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী (যদি পদ থাকে) অথবা ক্ষেত্রমত ২য় বা ৩য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **চুক্তিভিত্তিক নিয়োগ**।—বোর্ডের অনুমোদিত সাংগঠনিক কাঠামোভুক্ত কিন্তু এই বিধির তফসিল-২ বহির্ভূত চুক্তিভিত্তিক পদে নির্দিষ্ট সময়ের জন্য চুক্তিভিত্তিক লোক নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা, বেতন-ভাতাদি, নিয়োগের সময়কাল ইত্যাদি বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উক্ত চুক্তিভিত্তিক লোক নিয়োগ করা হইবে।

৭। **শিক্ষানবিসি**।—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসের স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, চাকুরীতে যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, উক্ত তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভবনা নাই, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

৩। শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে, তাহার চাকুরী স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে, সময়ে সময়ে যে, পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৮। **বিশেষ বিধান**।—(১) এই বিধিমালায় যাহাই থাকুক না কেন, বিনিয়োগ বোর্ড প্রতিষ্ঠার পর সাবেক শিল্প অধিদপ্তর হইতে বিনিয়োগ বোর্ডের অধীনে ন্যস্ত কর্মচারীগণকে, সংশ্লিষ্ট পদের কাজের ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে, সরকার কর্তৃক অনুমোদিত বোর্ডের সাংগঠনিক কাঠামো অনুযায়ী সম-স্কেলের পদে সমন্বয় করা যাইবে।

(২) এই বিধিমালায় সুস্পষ্টভাবে উল্লেখ করা হয় নাই, এইরূপ ক্ষেত্রে সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রচলিত বিধি-বিধান, নিয়ম ও কানুন অনুসরণ করা হইবে।

৯। **রহিতকরণ ও হেফাজত**।—(১) এই বিধিমালা প্রণয়নের পর বিনিয়োগ বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ সংক্রান্ত বিষয়ে ইতিপূর্বে প্রণীত বা জারীকৃত সকল বিধি ও নির্দেশাবলী এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিতকৃত বিধি ও নির্দেশাবলীর অধীন কৃত কার্যাবলী ও গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত কার্য ও গৃহীত ব্যবস্থা বলিয়া গণ্য হইবে।

## তফসিল-১
[বিধি ২(ঞ) ও ৮ দ্রষ্টব্য]

| ক্রমিক নং | বিনিয়োগ বোর্ডের জন্য অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী পদের নাম | চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ অনুযায়ী বেতন স্কেল | সাবেক শিল্প অধিদপ্তরের সম-স্কেলের পদের নাম |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | বিনিয়োগ সহকারী গ্রেড-১ | ২,৫৫০—৫,৫০৫ | পরিদর্শক |
| ২। | ব্যক্তিগত সহকারী গ্রেড-১/হিসাব রক্ষক/ ডাটাবেজ সহকারী গ্রেড-১/সিস্টেম সহকারী/ওয়েব সহকারী/প্রটোকল সহকারী। | ২,২৫০—৪,৭৩৫ | ষাঁটলিপিকার/উচ্চমান সহকারী/হিসাব রক্ষক/ বাজার সংগঠক |
| ৩। | বিনিয়োগ সহকারী গ্রেড-২/ক্যাশিয়ার/ ব্যক্তিগত সহকারী গ্রেড-২ | ২,১০০—৪,৩১৫ | হিসাব সহকারী/ষাঁট মুদ্রাক্ষরিক |
| ৪। | হিসাব সহকারী/বিনিয়োগ সহকারী গ্রেড-৩/ব্যক্তিগত সহকারী গ্রেড-৩/ডাটাবেজ সহকারী গ্রেড-২/ফ্যাক্স অপারেটর/পিএবিএক্স অপারেটর/ ষ্টোর কিপার/রেকর্ড কিপার | ১,৮৭৫—৩,৬০৫ | অফিস সহকারী তথা মুদ্রাক্ষরিক/প্রদর্শনী সহকারী/বাজার সহকারী |
| ৫। | রেকর্ড সহকারী | ১,৬৫০—২,৯০৬ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর |
| ৬। | গাড়ী চালক (ভারী/হালকা) | ১,৯৭৫—৩,৯২০<br>১,৮৭৫—৩,৬০৫ | গাড়ী চালক (ভারী/ হালকা) |
| ৭। | মেকানিক্যাল সহকারী | ১,৮৭৫—৩,৬০৫ | গাড়ীচালক (হালকা) |
| ৮। | এমএলএসএস/ম্যাসেঞ্জার/দারোয়ান/ নাইট গার্ড/সুইপার/ফরাস | ১,৫০০—২,৪০০/- | এমএলএসএস/ ম্যাসেঞ্জার/দারোয়ান/ নাইট গার্ড/ফরাস-কাম ঝাড়ুদার/মালী/ক্লিনার। |

তফসিল-২
[বিধি ২ (ঙ) ও ৩ দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | সচিব | - | সরকার কর্তৃক প্রেষণে নিয়োগের মাধ্যমে। | সরকারের উপ-সচিব পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে। |
| ২। | পরিচালক | - | (ক) ৭৫% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ২৫% প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>উপ-পরিচালক পদে ১০ (দশ) বৎসরের চাকুরী।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>সরকারের উপ-সচিব পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে। |
| ৩। | উপ-পরিচালক/ একান্ত সচিব | - | (ক) ৭৫% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ২৫% প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সহকারী পরিচালক পদে ৭ (সাত) বৎসরের চাকুরী এবং উক্ত পদে স্থায়ী হইতে হইবে।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>সরকারের সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪। | সহকারী পরিচালক | ৩০ বৎসর | (ক) ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে: এবং<br>(খ) ২৫% নিম্নবর্ণিত ফিডার পদধারীদের মধ্য হইতে সংশ্লিষ্ট পদের বিপরীতে বর্ণিত হারে (%) পদোন্নতির মাধ্যমে।<br><br>পদের নাম — পদোন্নতির হার (%)<br>(১) বিনিয়োগ সহকারী গ্রেড-১ - ৩৫%<br>(২) ব্যক্তিগত সহকারী-গ্রেড-১ - ৩০%<br>(৩) হিসাব রক্ষক<br>(৪) প্রটোকল সহকারী<br>(৫) ডাটাবেজ সহকারী গ্রেড-১<br>(৬) সিস্টেম সহকারী<br>(৭) ওয়েব সহকারী<br>[(৩)–(৭)] - ৩৫% | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ কম্পিউটার চালনায় অভিজ্ঞতা অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা এবং এই ক্ষেত্রে যে কোন ২টি পরীক্ষায় ১ম বিভাগ/শ্রেণী থাকিতে হইবে ও শিক্ষা জীবনে কোন ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হইবে না; অথবা<br>(খ) কোন স্বীকৃত প্রকৌশল বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা:<br><br>তবে, সহকারী পরিচালক (ডাটাবেজ ব্যবস্থাপনা) এবং সহকারী পরিচালক (সিস্টেম এডমিনিস্ট্রেশন ও ওয়েবসাইট ব্যবস্থাপনা) এর ক্ষেত্রে কোন স্বীকৃত প্রকৌশল বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সাইন্স/ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতক অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ১ বৎসর মেয়াদী ডিপ্লোমা/সার্টিফিকেট কোর্স সম্পন্ন এবং শিক্ষা জীবনে কোন ৩য় শ্রেণী গ্রহণযোগ্য হইবে না।<br><br>**পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>৪ নং ক্রমিকের ৪ নং কলামের (খ) নং দফার—<br>(ক) (১)নং উপ-দফায় উল্লেখিত ফিডার বা সম-স্কেলের পদে ন্যূনতম ১০ (দশ) বৎসরের চাকুরী: অথবা<br>(খ) (২) হইতে (৭) নং উপ-দফায় উল্লিখিত ফিডার বা সম-স্কেলের পদে ১৫(পনের) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫। | বিনিয়োগ সহকারী গ্রেড-১ | ৩০ বৎসর | (ক) ৪০% সরাসরি নিয়োগের মাধ্যমে<br>(খ) ৬০% নিম্নবর্ণিত ফিডার পদধারীদের মধ্য হইতে সংশ্লিষ্ট পদের বিপরীতে বর্ণিত হারে (%) পদোন্নতির মাধ্যমে—<br>**পদের নাম** **পদোন্নতির হার (%)**<br>(১) ব্যক্তিগত সহকারী গ্রেড-২ - ২৫%<br>(২) বিনিয়োগ সহকারী গ্রেড-২ - ৭৫% | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; অথবা<br>(খ) কোন স্বীকৃত পলিটেকনিক ইন্সটিটিউট হইতে ন্যূনতম ১ম শ্রেণীর ডিপ্লোমাসহ কম্পিউটার পরিচালনার অভিজ্ঞতা।<br>পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>(ক) ব্যক্তিগত সহকারী গ্রেড-২ বা সম-স্কেলের পদে ন্যূনতম ৫ বৎসরের চাকুরী; অথবা<br>(খ) বিনিয়োগ সহকারী গ্রেড-২ বা সম-স্কেলের পদে ন্যূনতম ১০ বৎসরের চাকুরী। |
| ৬। | ব্যক্তিগত সহকারী গ্রেড-১ | ৩০ বৎসর | (ক) ৪০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৬০% ব্যক্তিগত সহকারী গ্রেড-২ হইতে পদোন্নতির মাধ্যমে;<br>পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসির নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম স্নাতক ডিগ্রীসহ বাংলা ওয়ার্ড প্রসেসিং-এ ৪০ এবং ইংরেজী ওয়ার্ড প্রসেসিং-এ ৫০ শব্দের গতি।<br>পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>ফিডার বা সম-স্কেলের পদে ন্যূনতম ৫ বৎসরের চাকুরী। |
| ৭। | প্রটোকল সহকারী | ৩০ বৎসর | ব্যক্তিগত সহকারী গ্রেড-২ হইতে পদোন্নতির মাধ্যমে; পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার চালনায় অভিজ্ঞতা।<br>পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>ফিডার বা সম-স্কেলের পদে ন্যূনতম ৫ বৎসরের চাকুরী। |
| ৮। | ডাটাবেজ সহকারী গ্রেড-১ | ৩০ বৎসর | ডাটাবেজ সহকারী গ্রেড-২ হইতে পদোন্নতির মাধ্যমে; পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম স্নাতক ডিগ্রীসহ ডাটাবেইজ ম্যানেজমেন্টে ডিপ্লোমা এবং ২ বৎসরের অভিজ্ঞতা।<br>পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>ফিডার বা সম-স্কেলের পদে ন্যূনতম ৭ বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯। | সিস্টেম সহকারী/ ওয়েব সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম স্নাতক ডিগ্রীসহ সিস্টেম এডমিনিস্ট্রেশন/ওয়েব এডমিনিস্ট্রেশনে ডিপ্লোমা এবং ২ বৎসরের অভিজ্ঞতা। |
| ১০। | হিসাব রক্ষক | ৩০ বৎসর | ক্যাশিয়ার ও হিসাব সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে; পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রীসহ হিসাব সংক্রান্ত কাজে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা এবং কম্পিউটার চালনায় অভিজ্ঞতা।<br>**পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) ক্যাশিয়ার পদে ন্যূনতম ৫ বৎসরের চাকুরী; অথবা<br>(খ) হিসাব সহকারী পদে ন্যূনতম ১০ বৎসরের চাকুরী। |
| ১১। | বিনিয়োগ সহকারী গ্রেড-২ | ৩০ বৎসর | (ক) ৪০% সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৬০% নিম্নবর্ণিত ফিডার পদধারীদের মধ্য হতে সংশ্লিষ্ট পদের বিপরীতে বর্ণিত হারে (%) পদোন্নতির মাধ্যমে—<br>পদের নাম — পদোন্নতির হার (%)<br>(১) বিনিয়োগ সহকারী- গ্রেড-৩ - ৭৫%<br>(২) ফ্যাক্স অপারেটর<br>(৩) পিএবিএক্স অপারেটর - ২৫%<br>(৪) স্টোর কিপার<br>(৫) রেকর্ড কিপার | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রীসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা; অথবা<br>(খ) কোন স্বীকৃত পলিটেকনিক ইন্সটিটিউট হইতে ন্যূনতম ১ম শ্রেণীর ডিপ্লোমাসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা।<br>**পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ফিডার বা সম-স্কেলের পদে ন্যূনতম ৫ বৎসরের চাকুরী। |
| ১২। | ব্যক্তিগত সহকারী গ্রেড-২ | ৩০ বৎসর | ব্যক্তিগত সহকারী গ্রেড-৩ পদ হইতে পদোন্নতির মাধ্যমে; পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম স্নাতক ডিগ্রীসহ বাংলা ওয়ার্ড প্রসেসিং-এ ৩০ এবং ইংরেজী ওয়ার্ড প্রসেসিং-এ ৪০ শব্দের গতি।<br>**পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ফিডার বা সম-স্কেলের পদে ন্যূনতম ৫ বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৩। | ক্যাশিয়ার | ৩০ বৎসর | হিসাব সহকারী হইতে পদোন্নতির মাধ্যমে; পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম বাণিজ্যে স্নাতক ডিগ্রীসহ ক্যাশ পরিচালনায় ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা এবং কম্পিউটার চালানায় অভিজ্ঞতা।<br>পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>ফিডার বা সম-স্কেলের পদে ন্যূনতম ৫ বৎসরের অভিজ্ঞতা। |
| ১৪। | হিসাব সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম বাণিজ্যে স্নাতক ডিগ্রীসহ হিসাব সংক্রান্ত কাজে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা এবং কম্পিউটার চালনায় অভিজ্ঞতা। |
| ১৫। | বিনিয়োগ সহকারী গ্রেড-৩ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |
| ১৬। | ব্যক্তিগত সহকারী গ্রেড-৩ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাসসহ বাংলা ও ইংরেজী ওয়ার্ড প্রসেসিং-এ যথাক্রমে ২৫ ও ৩০ শব্দের গতি। |
| ১৭। | ডাটাবেজ সহকারী গ্রেড-২ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক পাসসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |
| ১৮। | ফ্যাক্স অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পাসসহ ফ্যাক্স চালনার অভিজ্ঞতা। |
| ১৯। | পিএবিএক্স অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পাসসহ পিএবিএক্স পরিচালনায় অভিজ্ঞতা। |
| ২০। | রেকর্ড কিপার | - | রেকর্ড সহকারী হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার বা সম-স্কেলের পদে ন্যূনতম ৫ বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২১। | স্টোর কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পাসসহ কম্পিউটার চালনার চাকুরী। |
| ২২। | মেকানিক্যাল সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত পলিটেকনিক ইন্সটিটিউট হইতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ সার্টিফিকেট কোর্স উত্তীর্ণ। |
| ২৩। | গাড়ীচালক (ভারী ও হালকা) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ন্যূনতম এসএসসি পাসসহ বৈধ হালকা/ভারী ড্রাইভিং লাইসেন্সধারী এবং ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ২৪। | রেকর্ড সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে এসএসসি পাসসহ রেকর্ড সংরক্ষণে বাস্তব অভিজ্ঞতা। |
| ২৫। | ম্যাসেঞ্জার/ এমএলএসএস | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে এসএসসি পাস। |
| ২৬। | দারোয়ান/নাইট গার্ড | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে এসএসসি পাস। |
| ২৭। | সুইপার/ফরাশ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বৎসরের পেশাগত বাস্তব অভিজ্ঞতা। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মজিবুর রহমান**
পরিচালক।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।